**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে নতুনদিল্লিতে একটি বিশেষ বৃক্ষরোপণ অভিযানের নেতৃত্ব দেন।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের যথেচ্ছ ব্যবহার বন্ধে গুরুত্ব আরোপ করেছেন।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনগণের সমর্থন নিয়ে ত্রিপুরা এখন সম্পূর্ণভাবে জঙ্গিমুক্ত রাজ্য ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সরকারকে গরীব কল্যাণের প্রতি সহানুভূতিশীল এবং নিবেদিতপ্রাণ বলে বর্ণনা করেছেন ।**

***************************************

**PM, World Environment Day :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে নতুনদিল্লির ভগবান মহাবীর বনস্থলী পার্কে একটি বিশেষ বৃক্ষরোপণ অভিযানের নেতৃত্ব দেন। তিনি "এক পেড় মা কে নাম" উদ্যোগের আওতায় একটি বটের চারা রোপণ করেন। আরাবল্লী গ্রিন ওয়াল প্রকল্পের অংশ হিসেবে এই চারা রোপণ করা হয়, যার লক্ষ্য আরাবল্লী পর্বতমালার ৭০০ কিলোমিটার এলাকা জুড়ে বনায়ন করা।

এই প্রকল্পের লক্ষ্য দিল্লি, রাজস্থান, হরিয়ানা এবং গুজরাট সহ চারটি রাজ্যের ২৯টি জেলার আরাবল্লী পাহাড়ি অঞ্চলের চারপাশের পাঁচ কিলোমিটার বাফার এলাকার সবুজায়ন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী দিল্লি

সরকারের সুস্থায়ী পরিবহন উদ্যোগের অধীনে ২০০টি বৈদ্যুতিক বাসের সূচনা করেন।

######Byte-PM######

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের তাদের সংকল্পকে আরও শক্তিশালী করার এবং গ্রহ রক্ষার প্রতি তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করার আহ্বান জানিয়েছেন।

************************

**World Environment Day-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের যথেচ্ছ ব্যবহার বন্ধে গুরুত্ব আরোপ করেছেন। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আজ রাজভবনে আয়োজিত বৃক্ষরোপন অনুষ্ঠানে অংশগ্রহণ করে রাজ্যপাল বলেন, বর্তমানে বিশ্বের বেশিরভাগ বড় শহরগুলি বিভিন্ন ধরণের দূষণের শিকার। এক্ষেত্রে ত্রিপুরা রাজ্যের অবস্থা অনেকটাই ভাল। এই পরিস্থিতি বজায় রাখতে হলে রাজ্যবাসীকেও সদর্থক ভূমিকা গ্রহণ করতে হবে। তিনি বলেন, পাট, কাগজ জাতীয় ব্যাগের ব্যবহারে সাধারণ মানুষকে উৎসাহিত করতে হবে।

######Byte-Governor######

****************************

**CM-Kumarghat :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনগণের সমর্থন নিয়ে ত্রিপুরা এখন সম্পূর্ণভাবে জঙ্গিমুক্ত রাজ্য। বর্তমানে রাজ্যের আইনশৃঙ্খলা যথেষ্ট সন্তোষজনক। ঊনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়াম থেকে ভার্চুয়ালভাবে ১০টি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ৫টি প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমান সরকার জনগণের ভোটে নির্বাচিত ও জনগণের প্রতি দায়বদ্ধ। রাজ্যের সর্বত্র পরিকাঠামোগত সহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ হচ্ছে। বক্তব্য রাখনে O.B.C

কল্যাণ মন্ত্রী শান্তনা চাকমা, বিধায়ক ভগবান চন্দ্র দাস, জেলা শাসক তমাল মজুমদার প্রমুখ। মুখ্যমন্ত্রী আজ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে গীতাঞ্জলি অডিটরিয়াম প্রাঙ্গনে বৃক্ষ রোপণ করেন। তিনি আজ কুমারঘাট মহকুমা হাসপাতালটি পরিদর্শন করে পরিকাঠামো ও চিকিৎসা পরিষেবা সম্পর্কে খোঁজ খবর নেন।

****************************

**World Environment Day-Biplab Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ বিবেক নগরে রামকৃষ্ণ মঠ ও মিশনে বৃক্ষ রোপণ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। সঙ্গে ছিলেন মিশনের সম্পাদক শুভকরানন্দ মহারাজ।

*****************************

**Vikshit krishi sankslpa abhiyan-Gomati :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ গোমতি জেলার শালগড়া কমিউনিটি হলে বিকশিত কৃষি সংকল্প অভিযানে অংশ নেন। তিনি সেখানে কৃষকদের সঙ্গে মত বিনিময় করেন। কৃষকদের চাষাবাদ ও কৃষকদের নানা সমস্যার খোঁজ খবর নেন। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা রানী দাস প্রমুখ।

****************************

**World Environment Day-Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা ও বিধায়ক সুদীপ রায় বর্মন প্লাস্টিক ব্যাগ ব্যবহারের উপর নিষেধাজ্ঞা জারি করতে সরকারের কাছে অনুরোধ জানান।

****************************

**World Environment Day-Tripura Bhawan :**

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার উদ্যোগে কলকাতার প্রিটোরিয়া স্ট্রীটস্থিত ত্রিপুরা ভবনে বৃক্ষ রোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অংশ নেন ত্রিপুরা ভবনের জয়েন্ট রেসিডেন্ট কমিশনার দ্বীপরাজ রায়, বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার রাজ্য কনভেনার মনোজ রায়।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**11 years of NDA :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর সরকারকে গরীব কল্যাণের প্রতি সহানুভূতিশীল এবং নিবেদিতপ্রাণ বলে বর্ণনা করেছেন। কেন্দ্রের এনডিএ সরকারের ১১ বছর পূর্ণ হওয়ার সাথে সাথে, দারিদ্র্য থেকে মানুষের উন্নয়নের জন্য কেন্দ্র কর্তৃক গৃহীত যুগান্তকারী পদক্ষেপ এবং ক্ষমতায়ন, পরিকাঠামো এবং অন্তর্ভুক্তির উপর জোর দেওয়ার কথা তুলে ধরেন তিনি। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী লিখেছেন আবাস যোজনা, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা, জন ধন

যোজনা এবং আয়ুষ্মান ভারতের মতো উদ্যোগগুলি আবাসন, পরিষ্কার রান্নার জ্বালানি, ব্যাংকিং এবং স্বাস্থ্যসেবা বৃদ্ধি করেছে। তিনি আরও বলেন যে সরাসরি সুবিধা স্থানান্তর, ডিজিটাল অন্তর্ভুক্তি এবং গ্রামীণ পরিকাঠামোর উপর জোর দেওয়ার ফলে স্বচ্ছতা এবং দেশের সমস্ত প্রান্তে সুবিধা দ্রুত পৌঁছে দেওয়া নিশ্চিত হয়েছে। প্রধানমন্ত্রী ২৫ কোটিরও বেশি মানুষের দারিদ্র্য দূরীকরণে এই উদ্যোগগুলির ভূমিকার উপর জোর দেন। তিনি একটি অন্তর্ভুক্তিমূলক এবং আত্মনির্ভর ভারত গড়ে তোলার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

***************************

**Voice over story-11 years of NDA Government :**

আমাদের দেশ ভারত সেবা, সুশাসন এবং গরিব কল্যানের নীতির ওপর ভিত্তি করে বিগত এক দশক অতিক্রান্ত সময়ে উল্লেখযোগ্য রূপান্তরণের মধ্য দিয়ে গেছে।আকাশবাণীর সংবাদ বিভাগ শ্রোতা বন্ধুদের জন্য বিগত এগার বছরে বিভিন্ন ক্ষেত্রে সরকারী প্রয়াসের দিকগুলির ওপর আলোকপাত করার চেষ্টা করবে। আজ শুনুন সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষনের মাধ্যমে ভারতীয় সভ্যতার গৌরব পুনরুজ্জীবনের গুরুত্বপূর্ণ বিষয়ে আকাশবাণী আগরতলা সংবাদ বিভাগের একটি প্রতিবেদন।

#######VC######

***************************

**BJP Meeting-Melaghar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে এন.ডি.এ সরকারের ১১ বছর পূর্তি উপলক্ষ্যে আজ মেলাঘর টাউন হলে বিজেপির উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। এন.ডি.এ সরকারের সাফল্য বিস্তারিত উল্লেখ করে সভায় বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক তফাজ্জল হোসেন, বিন্দু দেবনাথ, বিজেপির রাজ্য সহ-সভাপতি তাপস ভট্টাচার্য, সম্পাদক তাপস মজুমদার প্রমুখ।

****************************

**Ek Ped Maa Ke Naam :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ নতুন দিল্লিতে একটি চারা রোপণ করে 'এক  পেড় মা কে নাম' দ্বিতীয় প্রচার পর্বের সূচনা করেন। এই অনুষ্ঠানে, মন্ত্রী মিশন লাইফের জন্য ইকো ক্লাবগুলির কার্যকলাপ পর্যবেক্ষণের জন্য একটি ওয়েব পোর্টাল সহ একটি বিশেষ মডিউল এবং 'এক পেড় মা কে নাম' দ্বিতীয় পর্বের ওয়েবসাইটও চালু করেছেন। সমাবেশে ভাষণ দিতে গিয়ে, শ্রী প্রধান বলেন যে দেশের কার্বন নির্গমন কাঙ্খিত সীমার নিচে। মন্ত্রী ২০৭০ সালের মধ্যে নেট জিরো বা কার্বন নিঃসরণ শূন্য করার জন্য ভবিষ্যত প্রজন্মকে প্রস্তুত করার উপর জোর দেন। পরিবেশ সুরক্ষার জন্য প্লাস্টিকের ব্যবহার কমানোর প্রয়োজনীয়তার উপর জোর দেন।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

**************************